

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
এ-১৪৪, সাভার বাজার রোড, সাভার, ঢাকা।

### ও.এম.এস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

খাদ্য মন্ত্রণালয় সরবরাহ অধিশাখা বাংলাদেশ সচিবালয় ঢাকার স্মারক নং ৩ তাং ০৪/০১/২০২৩ এবং খাদ্য অধিদপ্তরের বন্টন শাখা, ঢাকার স্মারক নং ১১ তাং ০৪/০১/২০২৩ইং তারিখ মোতাবেক সাভার উপজেলায় শ্রমঘন এলাকায় খোলা বাজারে সুলভ মূল্যে চাল বিক্রির জন্য ও.এম.এস ডিলার নিয়োগ করা হবে।

অগ্রহী ব্যবসায়ীদের নিকট হইতে সাদা কাগজে দরখাস্ত আহবান করা যাচ্ছে। দরখাস্ত উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সাভার, ঢাকা এর বরাবর ১২/০১/২০২৩ইং তারিখের মধ্যে দাখিল করতে হবে।

#### ও.এম.এস ডিলার নির্বাচিত হওয়ার যোগ্যতা :-

১. ডিলার হতে অগ্রহী ব্যক্তির বয়স কমপক্ষে ১৮ (আঠার) বছর হতে হবে এবং ভোটার আইডি কার্ড থাকতে হবে।
২. ডিলার হতে অগ্রহী ব্যক্তিকে আর্থিক ভাবে স্বচ্ছল হতে হবে।
৩. ডিলার হতে অগ্রহী ব্যক্তির ট্রেড লাইসেন্স থাকতে হবে।
৪. ডিলার হতে অগ্রহী ব্যক্তিকে মুদি দোকানদার/চালের খুচরা দোকানদার/সাধারণ ব্যবসায়ী হতে হবে। দোকানের মেঝে পাকা হতে হবে। পণ্য নিরাপদে সংরক্ষণের উপযোগী গুদামঘর থাকতে হবে এবং গুদামঘরে কমপক্ষে ৬.০০০ মেঃ টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী হতে হবে।
৫. ইতিপূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত, সাময়িকভাবে বরখাস্ত ব্যক্তি আবেদন করতে পারবেন না।
৬. ডিলারকে খাদ্য বিভাগের প্রয়োজন অনুযায়ী জায়গায় অস্থায়ী কাঠামো তৈরি করে চাল বিক্রয়ে রাজী হতে হবে।
৭. ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ট্রেড লাইসেন্সের ফটোকপি এবং আইডি কার্ডের ফটোকপিসহ আবেদন করতে হবে।
৮. ডিলার হতে অগ্রহী ব্যক্তির দোকান ঘরের ভাড়ার চুক্তির ফটোকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

শেখ মোঃ মুসা  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
সাভার, ঢাকা।

স্মারক নং-১৩.০২.২৬৭২.০০০.১৬.০০০.২৩- ৫৪

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে:

- ১। ডা: এনামুর রহমান এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাভার, ঢাকা।
- ৩। মেয়র, সাভার পৌরসভা, সাভার, ঢাকা।
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা।
- ৬। উপজেলা কৃষি কর্মকর্তা, সাভার, ঢাকা।
- ৭। উপজেলা শিক্ষা অফিসার, সাভার, ঢাকা।
- ৮। জনাব ..... সদস্য উপজেলা ও এম এস কমিটি, সাভার, ঢাকা।
- ৯। নোটিশ বোর্ড।
- ১০। অফিস কপি।

তাং- ০৮/০১/২০২৩

শেখ মোঃ মুসা  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
সাভার, ঢাকা।